# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জুম‘আ

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৫) গ্রামবাসীর উপর জুম‘আ নেই এবং শহর ছাড়া জুম‘আর ছালাত হবে না বলে বিশ্বাস করা

শহর ছাড়া জুম‘আর ছালাত হবে না বলে সন্দেহ করা এবং এজন্য জমু‘আর পরে ‘আখেরী যোহর’ পড়া সুন্নাত বিরোধী আমল। এ মর্মে বর্ণিত হাদীছ জাল।

عَنْ عَلِيٍّ رَضِىَ اللهُ عَنْهُ قَالَ لاَ جُمُعَةَ وَلاَ تَشْرِيْقَ إِلاَّ فِىْ مِصْرٍ جَامِعٍ.

আলী (রাঃ) বলেন, শহর ছাড়া জুম‘আ ও তাশরীক নেই।[1]

তাহক্বীক্ব : বর্ণনাটি জাল। কারণ মারফূ‘ সূত্রে এর কোন ভিত্তি নেই।[2] উল্লেখ্য যে, উক্ত মিথ্যা বর্ণনা দ্বারাই হেদায়া লেখক গ্রামে জুম‘আর ছালাত শুদ্ধ হবে না বলে দাবী করেছেন।[3] অথচ নিম্নের ছহীহ হাদীছগুলো তার চোখে পড়েনি।

## ফুটনোট

[1]. বায়হাক্বী , সুনানুল কুবরা হা/৫৮২৩; আবু ইউসুফ, আল-আছার হা/৬০।

[2]. সিলসিলা যঈফাহ হা/৯১৭, ২/৩১৭।

[3]. হেদায়াহ ১/১৬৮ পৃঃ-لِقَوْلِهِ ( لَا تَصِحُّ الْجُمُعَةُ إلَّا فِيْ مِصْرٍ جَامِعٍ أَوْ فِيْ مُصَلَّى الْمِصْرِ وَلَا تَجُوْزُ فِي الْقُرَى عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلَامُ

Source — https://www.hadithbd.com/books/link/?id=1980

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন